

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

www.fisheries.barisaldiv.gov.bd


স্মারক নং: ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১-১৮১

তারিখ: ১০/০৭/২০২৪খ্রি.

বিষয়: নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা আগামী ১১/০৭/২০২৪খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায়, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল, জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, এর সভাপতিত্বে, সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।



(নৃপেন্দ্র নাথ বিশ্বাস)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

ফোনঃ ০২৪৭৮৮৬১৩২৬


ই-মেইলঃ ddbarisal@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১-১৮১/১(৬)

তারিখ: ১০ জুলাই, ২০২৪খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৩। স্টেনোগ্রাফার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৪। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৬। সংশ্লিষ্ট নথি।



সহকারী পরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক
(জুলাই-সেপ্টেম্বর, ২০২৪-২৫) সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

সভার তারিখঃ ১১ জুলাই, ২০২৪ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভাপতিঃ জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব মুহাম্মদ নাসির উদ্দীন	সহকারী পরিচালক	
২.	জনাব মো: হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর	
৩.	জনাব সুপর্ণা গাইন	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	
৪.	জনাব মো: জহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	

**উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক
(জুলাই-সেপ্টেম্বর, ২০২৪-২৫) সভা এর কার্যবিবরণীঃ**

সভার তারিখঃ ১১ জুলাই, ২০২৪ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভার সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব নূপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান।

সভায় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় উপপরিচালক মহোদয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হওয়া ও অফিস ত্যাগ করার সময় সম্পর্কে আলোচনা করেন। প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ যথাযথভাবে পালন করার জন্য মৎস্য অধিদপ্তর বাংলাদেশ থেকে প্রেরিত সকল মালামাল ও জিনিসপত্র উপজেলা/জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে সঠিকভাবে বুঝিয়ে দেওয়ার কথা আলোচনা করা হয়। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ সঠিকভাবে পালনে যেন কোন ত্রুটি বিদ্যুতি না ঘটে সে দিকে বিশেষ নজর রাখার জন্য বলা হয়। জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২৪ এর জন্য মনোনীত প্রার্থী অর্থাৎ ক্যাটগরি ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা প্রণয়ন করার লক্ষ্যে সকল নিয়ম কানুন মেনে যাচাই-বাছাইপূর্বক যোগ্য কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়নের জন্য নির্বাচন করা এবং নামের তালিকা প্রস্তুত করে সঠিক সময়ের মধ্যে প্রেরণ করার জন্য কমিটির সদস্যগণকে বলেন। এছাড়া যার যার অবস্থান থেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে নিষ্ঠার সহিত পালন করার বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


সিদ্ধান্তঃ

- ১। কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং সরকার নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ করা যাবে না।
- ২। প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে।
- ৩। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ উপলক্ষ্যে প্রেরিত সকল জিনিসপত্র/মালামাল উপজেলা/জেলা মৎস্য দপ্তরে সঠিকভাবে বুঝিয়ে দিতে হবে।
- ৪। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ সঠিকভাবে পালন করতে হবে এবং কোন ত্রুটি বিদ্যুতি না ঘটে সে দিকে বিশেষ নজর রাখতে হবে।
- ৫। জাতীয় শুদ্ধাচার পুরস্কারের জন্য সকল নিয়মকানুন যথাযথভাবে পালন করতে হবে এবং যাচাই-বাছাইপূর্বক জাতীয় শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা সঠিক সময়ে প্রেরণ করতে হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতিঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীগণ অফিসে ফরমাল পোশাক পরিধান করে আসেন। অফিস অঞ্জন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে এবং অফিস অঞ্জন এবং চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়। সুতরাং বিগত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

সর্বপরি যার যার অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিভাগীয় ও জেলা কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১১/০৭/২০২৪

(নূপেন্দ্র নাথ বিশ্বাস)
উপপরিচালক(চঃদা)
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ,
বরিশাল।

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.১৮৪/১(৬০)

তারিখঃ ১১ জুলাই, ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।
- ৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।
- ৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।
- ৫। সংশ্লিষ্ট নথি।